সমকাল

তারিখ ... 26 MAR 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সিলেট জেলা ছাত্রলীগের কমিটি অবশেষে স্থগিত

■ সিলেট ব্যুরো

সিলেট জেলা ছাত্রলীগের কমিটি অবশেষে স্থগিত করেছে সংগঠনের কেন্দ্রীয় সংসদ। গতকাল শুক্রবার রাতে এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জাকির হোসেন জানান। তিনি বলেন, সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কর্মকাণ্ড চলতে থাকায় আপাতত এ কমিটি স্থগিত করা হলো। সিলেটে ২০১৩ সালের সেপ্টেম্বর সিপিবি-বাসদের সমাবেশে হামলার পর সিলেট জেলা ছাত্রলীগের তৎকালীন কমিটি বাতিল করেছিল সংগঠনের কেন্দ্রীয় সংসদ।

রাতে নগরীর টিলাগড়ে ছাত্রলীগের বিবদমান দুই পক্ষের মধ্যে হামলা-পাল্টা হামলার ঘণ্টাখানেকের মধ্যে কেন্দ্রীয় সংসদ জেলা কমিটি স্থগিতের সিদ্ধান্ত নেয়। জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রায়হান চৌধুরী ও সাবেক ভারপ্রাপ্ত সভাপতি হিরণ মাহমুদ নিপুর অনুসারীদের মধ্যে অনাকাঙ্ক্ষিত এ ঘটনা ঘটে।